# কোটালীপাড়া পৌরসভা কার্যালয়

কোটালীপাড়া, গোপালগঞ্জ।

স্মারক নং- কোপৌ/Standing-1/২০১৯/ ২৮৩/১ তারিখঃ ২৭।১১।১৯ ইং

## নোটিশ

এতদ্বারা কোটালীপাড়া পৌরসভার নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিড়িটর সম্মানীত সদস্যগনকে জানানো যাইতেছে যে, আগামী ২৭/১১/২০১৯ ইং তারিখ রোজ বুধবার বিকাল ০৪:০০ ঘটিকার সময় পৌরসভা সম্মেলন কক্ষে নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হইবে।

উক্ত সভায় সম্মানীত সদস্যবৃন্দকে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হইল ।

আলোচ্য বিষয়সমূহঃ-
১) বিগত সভার কার্য বিবরনী পাঠ ও বিতরন।
২) যৌন হয়রানী এবং বাল্য বিবাহের বিরুদ্ধে সকলকে সজাগ থাকা প্রসঙ্গে আলোচনা ।
৩) বর্জ্য সংগ্রহ ও অপসারনের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ প্রসঙ্গে আলোচনা।
৪) বিবিধ।

২৭।১১।১৯ ইং

(সালেহা খানম)
সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর -২
ও
সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
কোটালীপাড়া পৌরসভা
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

প্রাপকঃ জনাব-------------------------------

-------------------------------

সদস্য/ সদস্য-সচিব

নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি

কোটালীপাড়া পৌরসভা

কোটালীপাড়া, গোপালগঞ্জ।

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ
১। মেয়র, কোটালীপাড়া পৌরসভা , কোটালীপাড়া , গোপালগঞ্জ।
২। সচিব, কোটালীপাড়া পৌরসভা ,গোপালগঞ্জ।
৩। সহকারী প্রকৌশলী, কোটালীপাড়া পৌরসভা , গোপালগঞ্জ।
৪। হিসাব রক্ষক, কোটালীপাড়া পৌরসভা , গোপালগঞ্জ।
৫। সংশিষ্ট নথি ।

# কোটালীপাড়া পৌরসভা কার্যালয়

কোটালীপাড়া, গোপালগঞ্জ।
ফোন নং- ০২৬৬৫১২৬৭ (অফিস), ০২৬৬৫১৩২৫ (বাসা), ফ্যাক্স ঃ ০২৬৬৫১২৬৭
E-mail: mayor_kotali.poura@yahoo.com

## নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভায়

উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা সিট

তারিখঃ ২৭।১১।১৯ইং, সকালঃ ০৪.০০ ঘটিকা

| ক্রঃ নং | নাম | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব সালেহা বেগম | সভাপতি | ২৭।১১।১৯ইং |
| ০২ | জনাব মোঃ কামাল হোসেন শেখ | সদস্য | ২৭।১১।১৯ |
| ০৩ | জনাব বুবিয়াা বেগম | সদস্য | ২৭।১১।১৯ইং |
| ০৪ | জনাব রাবেয়া বেগম | সদস্য | রাবেয়া বেগম ২৭।১১।১৯ইং |
| ০৫ | জনাব নাসির উদ্দিন সরদার | সদস্য | ২৭।১১।১৯ইং |
| ০৬ | জনাব সঞ্জয় কুমার মজুমদার | সদস্য | ২৭।১১।১৯ইং |
| ০৭ | জনাব শিরিন আক্তার | সদস্য-সচিব | ২৭।১১।১৯ইং |

# কোটালীপাড়া পৌরসভা কার্যালয়

## কোটালীপাড়া, গোপালগঞ্জ।

### নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্য বিবরনী

সভাপতি ঃ জনাব সালেহা খানম, কাউন্সিলর সংরক্ষিত ওয়ার্ড -২, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ ।
স্থান ঃ কোটালীপাড়া পৌরসভা কার্যালয়, গোপালগঞ্জ।
তারিখ ঃ ২৭/১১/২০১৯ খ্রিঃ।
রোজ ঃ বুধবার।
সময় ঃ বিকাল ০৪.০০ ঘটিকা।

উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের নাম (সর্ব জনাব) স্বাক্ষর ক্রমানুসারে

| ক্র: নং | নাম | পদবী |
|---|---|---|
| ০১ | জনাব মোঃ কামাল হোসেন শেখ | মেয়র, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ । |
| ০২ | জনাব রুবিয়াা বেগম | কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড-১, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ । |
| ০৩ | জনাব রাবেয়া বেগম | কাউন্সিলর, সংরক্ষিত ওয়ার্ড-৩, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ । |
| ০৪ | জনাব নাসির উদ্দিন সরদার | কাউন্সিলর, ওয়ার্ড নং-০১, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ । |
| ০৫ | জনাব সঞ্জয় কুমার মজুমদার | কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ । |
| ০৬ | জনাব শিরিন আক্তার | উচ্চমান সহকারী, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ । |

অদ্যকার সভায় সভাপতিত্ব করেন জনাব সালেহা খানম, কাউন্সিলর ,সংরক্ষিত ওয়ার্ড -২, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ। সভাপতি মহোদয় উপস্থিত সম্মানিত সকল সদস্য, কর্মকর্তা কর্মচারীবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করেন।

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১ | পূর্ববতী কার্য বিবরনী পাঠ ও অনুমোদন। | গত সভার কার্যবিবরনী পাঠ করা হলো এবং বিস্তারিত আলোচনা করা হলো। | কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে গৃহিত হলো। |
| ০২ | যৌন হয়রানী এবং বাল্য বিবাহের বিরুদ্ধে সকলকে সযাগ থাকা প্রসঙ্গে আলোচনা। | নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সম্মানিত সদস্য জনাব নাসির উদ্দিন সরদার বলেন - আমাদের দেশের গ্রাম অশ্চলে এখন বাল্য বিবাহ কোন বড় সমস্যা বলে মনে করেন না অভিভাবকেরা। মেয়ে একটু বেড়ে উঠলেই যেন বিয়ে নিয়ে তাদের মাথায় চিন্তা চলে আসে। মেয়ের বয়সের দিকে নজর না দিয়ে তড়িঘড়ি করে বিয়ে দিয়ে দেয় বিয়ে দিয়ে যেন সস্তি পেয়ে যায়। অতঃপর দেখা যায় ছয় মাস বা ১বছর এর মধ্যে প্রচোলিত আইনে তালাক বা বিবাহ বিচ্ছেদ ঘটে।<br><br>কিন্তু এর দায় ভার কার ? বাল্য বিবাহের শুরু কোথায় ? শেষ বা কবে ? বাল্য বিবাহে যেমন অল্প বয়সে ঝরে যাওয়া,তেমন দিন দিন বাড়ছে বহু বিবাহ। বাল্য বিবাহের শিকার মেহেরপুর জেলার বেতবাড়ীয়া গ্রামের(নাম প্রকাশে অনিচ্ছুক) এমনি এক পরিবারের সাথে কথা বললে তারা বলেন, আমরা গরিব মানুষ নুন আনতে পানতা ফুরাই , মেয়ে বড় হলেতো চিন্তা বেড়ে যায় । নিজের পেট চলেনা আবার মেয়ে বড় হয়েছে তাই বিয়ে দিয়েছিলাম। কিন্তু জানতাম না যে অল্প বয়সে বিয়ে দিলে এত বড় সমস্যা হয়। আমার মেয়ের বয়স যখন ১১তখন বিয়ে দিয়ে ছিলাম। ২মাস পার হওয়ার পর মেয়ে সংসার করতে রাজি না থাকায় মেয়ের কথা চিন্তা করে তালাক নিয়েছি।<br><br>এখনি সময় বাল্যবিয়ে প্রতিরোধ করার । মেয়েদেরকে মাথার বোঝা মনে না করে আসুন তাদেরকে সুন্দর ভাবে বাঁচতে সুযোগ দিই । বিয়ের চিন্তা না করে উচ্চ শিায় শিতি করার কথা চিন্তা করি। যদি আমরা সকলে সচ্চার হয় তাহলে এই বাল্যবিবাহ প্রতিরোধ করতে পারবো। আসুন বাল্যবিয়ে রোধ করে একটি শিক্ষিত সমাজ গড়ে তুলি। | বাল্য বিবাহ প্রতিরোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০৩ | বর্জ্য সংগ্রহ ও অপসারনের | নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সম্মানিত সদস্য জনাব | বর্জ্য সংগ্রহ ও অপসারনের জন্য |

| | | | |
|---|---|---|---|
| | জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ প্রসঙ্গে আলোচনা। | রাবেয়া বেগম বলেন - পৌর এলকায় সে সমস্ত বাজারে সাপ্তাহিক হাট হয় সে সকল বাজারে হাট শেষ হলে দ্রুত সময়ের মধ্যে উক্ত বর্জ্য সংগ্রহ করে তা অপসারনের ব্যবস্থা করতে হবে। পাশাপাশি আবাসিক এলাকায় জনগনকে নির্দিষ্ট স্থানে বর্জ্য ফেলার ব্যাপারে সচেতন করতে হবে। তাহলে পৌরসভা থেকে বর্জ্য সংগ্রহ এবং অবসারন করা সম্ভব হবে। | প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০৪ | বিবিধ | বিবিধে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভার সমাপ্তি ঘোষনা করেন। | |

(সালেহা খানম)
সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর- ২ ও
সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ ।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ
১। মেয়র, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ।
২। জনাব........................................... নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি,
৩। ..................................................
৪। নোটিশ বোর্ড/অফিস নথি, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ।

(সালেহা খানম)
সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর- ২ ও
সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ ।